দৈনিক ইনকিলাব

তারিখ ... 25 MAY 1994
পৃষ্ঠা ৮ কলাম ৩

২৪

# ১১ জুন থেকে ৮টি বিশ্ববিদ্যালয়ে অফিসারদের কর্মবিরতি

কৃষি বিশ্ববিদ্যালয় রিপোর্টার, ২৪ মে - বাংলাদেশের ৮টি বিশ্ববিদ্যালয়ের অফিসারগণ বেতন স্কেল সংশোধন ও সিনেট সিন্ডিকেটসহ বিভিন্ন অথরিটিতে প্রতিনিধিদের দাবী বাস্তবায়নে আগামী ১১ জুন হতে অবিরাম কর্মবিরতি পালন করবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিসার্স ফেডারেশনের সভাপতি আলহাজ্ব জিয়াউল ইসলামের সভাপতিত্বে এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় বিগত ১৭ বছর যাবত নিয়মতান্ত্রিক আন্দোলন ও বিভিন্ন কমিটির সুপারিশ ও দাবীর যৌক্তিকতা স্বীকার করার পরেও বাস্তবায়ন না হওয়ায় ক্ষোভ প্রকাশ করা হয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অফিসার সমিতির সভাপতি মাসউদুর রহমান সিনেটের সদস্য নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান এবং সন্ত্রাসী কর্তৃক তার প্রাণনাশের হুমকির নিন্দা ও বিচার দাবী করা হয়।